প্রবাসীদের নিয়ে আজহারীর ফেসবুক স্ট্যাটাস ভাইরাল

মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুর আমপাং পার্কের উইসমা এমসিএ কনভেনশন সেন্টারে গত রোববার এক তাফসির মাহফিলের আয়োজন করা হয়।

মালয়েশিয়া প্রবাসী কমিউনিটি আয়োজিত ওই মাহফিলে প্রধান অতিথি ছিলেন বর্তমান সময়ের আলোচিত ইসলামী বক্তা মিজানুর রহমান আজহারী।

মাহফিলের একদিন পর গতকাল সোমবার মালয়েশিয়ায় অবস্থানরত বাংলাদেশি প্রবাসীদের নিয়ে ফেসবুকে একটি স্ট্যাটাস দিয়েছেন আজহারী।

নিজের ভেরিফায়েড পেজে দেয়া ওই স্ট্যাটাসটি এরই মধ্যে ভাইরাল।

প্রবাসীদের নিয়ে আজহারীর স্ট্যাটাসটি হুবহু তুলে দেয়া হলো- ‘আলহামদুলিল্লাহ…

মালয়েশিয়া প্রবাসী কমিউনিটির আয়োজনে গতকাল (রোববার) কুয়ালালামপুরের উইসমা এমসিএ কনভেনশন হলে মালয়েশিয়া প্রবাসীদের নিয়ে আমরা কোরআনুল কারিম থেকে তাফসির শুনেছি। প্রবাসে শুদ্ধ জীবন গঠনের লক্ষ্যে তাফসিরুল কোরআন মাহফিলগুলো আল্লাহতায়ালার পক্ষ থেকে এক বিশেষ নেয়ামত।

পরিবার-পরিজনহীন এ প্রবাস জীবনে কোরআনকে আমরা বন্ধু বানাতে চাই, নিত্যসঙ্গী করে কাছে রাখতে চাই, কোরআনের প্রকৃত শিক্ষাকে ধারণ করতে চাই এবং কোরআনময় করে রাখতে চাই আমাদের কমিউনিটির সকল তৎপরতা। ওয়া বিল্লাহিত্তাওফিক ওয়াল ইতমাম।

দিনরাত অক্লান্ত পরিশ্রম করে যারা এ প্রোগ্রামটি সার্থক করেছেন, তাদের আল্লাহতায়ালা কবুল করুন। ম্যানেজমেন্ট, সিকিউরিটি ও ডিসিপ্লিন টিমের সবার জন্য রইল আন্তরিক দোয়া ও ভালোবাসা।

হলরূমের ধারণক্ষমতার কয়েকগুণ বেশি শ্রোতা চলে আসায় সবাইকে একমোডেট করা সম্ভব হয়নি। ফলে অনেক ভাইকে ফিরে চলে যেতে হয়েছে। আল্লাহতায়ালা তাদেরও উত্তম বিনিময় দান করুক।

প্রবাসীদের মাঝে ছড়িয়ে পড়ুক কোরআনের আলো। সুখী, সমৃদ্ধ ও আলোকিত জীবনের অধিকারী হোক আমাদের প্রতিটি রেমিট্যান্স

ফাইটারের সংগ্রামী জীবন।’

সুত্র-যুগান্তর

রিক্সায় যাত্রী নিয়ে যাচ্ছে রোবট কুকুর

বাইকে বসে গরু কিংবা কুকুর নিয়ে যাওয়ার ঘটনা এর আগে বহুবার আলোচনায় এসেছে। এমনকি কুকুরে বাইক চালানোর ঘটনাও ঘটেছে। তবে এবার রিক্সা চালাতে দেখা গেল এক কুকুরকে। সেটাও আবার রোবট কুকুর।

রোবট তৈরির প্রতিষ্ঠান বোস্টন ডায়নামিক ওই রোবট কুকুর তৈরি করেছে। হিন্দুস্তান টাইমসের এক প্রতিবেদনে বলা হয়, সাংবাদিক শেভেজ প্রযুক্তি বিষয়ক একটি অনুষ্ঠান করেন; যার নাম টেস্টেড। তিনি ওই অনুষ্ঠানে দেখান, একটি রোবট কুকুর রিক্সায় যাত্রী তুলে নিয়ে যাচ্ছে।

মজার ব্যাপার হলো- রোবট রিক্সায় যাত্রী হিসেবে ছিলেন ওই সাংবাদিক নিজেই। পুরো এপিসোডটি ২৮ মিনিটের। ইউটিউবে সেই ভিডিও রয়েছে। পরে কেবল রিক্সায় চড়ার ওই মুহূর্তে টুইটারে পোস্ট করা হয়।

এরপর সেই ভিডিও ভাইরাল হয়ে যায়। জানা গেছে, রোবট কুকুরের ওজন মাত্র ১৪ কিলোগ্রাম। রিক্সাটিতে দু’টি চাকা রয়েছে এবং সামনের দিকে থাকছে রোবটটি। সেই রোবটের চার পা রয়েছে।

রিক্সাটি রোবটের পিঠের সঙ্গে বেঁধে দেওয়ার পর নির্দেশনা অনুসারে তা দৌড়ে টেনে গন্তব্যে নিয়ে যাচ্ছে কুকুরটি।

‘নগদ’-এ পেমেন্ট করলে স্যামসাং স্মার্টফোনে ৩০ হাজার টাকা ছাড়

‘নগদ’, স্যামসাং ও সোয়াপ নিয়ে এলো সাশ্রয়ী মূল্যে স্যামসাং এস টোয়েন্টি ও স্যামসাং এস টোয়েন্টি আলট্রা স্মার্টফোন কেনার সুযোগ। এখন থেকে ‘নগদ’-এ পেমেন্ট করলে স্যামসাং স্মার্টফোন কেনা যাবে ৩০ হাজার টাকা কম মূল্যে। পাশাপাশি পুরোনো স্মার্টফোন এক্সচেঞ্জে সোয়াপ মূল্য তো থাকছেই।

বাংলাদেশে অনলাইনে পুরোনো পণ্য বিক্রয়ের প্ল্যাটফর্ম নিয়ে এসেছে সোয়াপ, যেখানে একটি পণ্য কোনো ক্রেতা নয়, সরাসরি কিনে নেবে প্ল্যাটফর্মটি নিজেই। ‘নগদ’ পেমেন্টের মাধ্যমে স্যামসাং মোবাইলে ছাড় পেতে হলে একজন গ্রাহককে প্রথমে সোয়াপ অ্যাপটি ডাউনলোড করতে হবে।

এরপর পুরোনো মোবাইল ফোন সোয়াপ-এর মাধ্যমে এক্সচেঞ্জ করতে হবে এবং ১০ হাজার টাকা দিয়ে ‘নগদ’-এ অগ্রিম বুকিং করতে হবে। পুরো প্রক্রিয়াটি শেষ হলে গ্রাহক ‘নগদ’-এর মাধ্যমে চূড়ান্ত পেমেন্ট করে স্যামসাংয়ের আকর্ষণীয় স্মার্টফোন কিনতে পারবেন।

ডাক বিভাগের ডিজিটাল লেনদেন ‘নগদ’ পেমেন্টের মাধ্যমে এই সুযোগ থাকছে সীমিত সময়ের জন্য। প্রথম ১০০ জন সাশ্রয়ী মূল্যে স্মার্টফোন দুটি কেনার সুযোগ পাবেন। এ বিষয়ে বিস্তারিত জানতে ‘নগদ’-এর ওয়েবসাইট ভিজিট করুন।

করোনা আতঙ্কে অংশ নিচ্ছে না আমাজনসহ অনেক প্রতিষ্ঠান

স্পেনের বার্সেলোনায় ২৪ থেকে ২৭ ফেব্রুয়ারি বিশ্বের সবচেয়ে বড়

প্রযুক্তি প্রদর্শনী মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেস (এমডব্লিউসি)-২০২০ অনুষ্ঠিত হবে।

প্রাণঘাতী নভেল করোনাভাইরাসের ঝুঁকি এড়াতে এ প্রদর্শনীতে অংশ না নেয়ার ঘোষণা দিয়েছে এলজি ইলেকট্রনিকস, এরিকসন এবং এনভিডিয়া।

এবার ই-কমার্স জায়ান্ট মার্কিন প্রতিষ্ঠান আমাজন জানিয়েছে, তারাও বার্সেলোনার মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেসে অংশ নেবে না। আমাজনের পক্ষ থেকে বলা হয়, ‘নভেল করোনাভাইরাস ছড়িয়ে পড়ায়’ এবারের প্রদর্শনীতে অংশ নিচ্ছে না তারা।

এর আগে করোনাভাইরাসের কারণে মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেসে যোগ না দেয়ার সিদ্ধান্তের কথা জানিয়েছে গ্রাফিক্স চিপ নির্মাতা এনভিডিয়া। শুক্রবার এক ব্লগ পোস্টে এনভিডিয়ার পক্ষ থেকে জানানো হয়, ‘করোভাইরাসকে ঘিরে জনস্বাস্থ্যের ঝুঁকির কথা চিন্তা করে, আমাদের সহকর্মী, অংশীদার এবং গ্রাহকদের সুরক্ষাই আমাদের সর্বোচ্চ গুরুত্ব।’ আমরা কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি, ৫জি এবং ভির্যান নিয়ে করা আমাদের কাজগুলো বিশ্বের সঙ্গে শেয়ার করার অপেক্ষায় ছিলাম।

অংশ নিতে না পেরে আমাদের আক্ষেপ হচ্ছে; কিন্তু আমাদের বিশ্বাস-এটাই সঠিক সিদ্ধান্ত, বলেছে এনভিডিয়া। এদিকে আয়োজকদের পক্ষ থেকে বলা হয়েছে, এক লাখ দর্শনার্থীকে আকৃষ্ট করা এ ইভেন্ট যথারীতি চলবে। তবে পাশাপাশি তারা এ-ও জানিয়েছে, আয়োজনে অংশ না নেয়ার বিষয়টি বিবেচনা করছে অন্যান্য প্রতিষ্ঠানও।

ইভেন্টের আয়োজক জিএসএমএ’র পক্ষ থেকে বলা হয়, তারা নিশ্চিত করছে যে, অনেক বড় প্রতিষ্ঠান না আসার সিদ্ধান্ত নিয়েছে এবং অন্যরা এখনও পরবর্তী ধাপ বিবেচনা করছে, আমাদের এখনও দুই হাজার আটশ’র বেশি অংশগ্রহণকারী রয়েছে। আয়োজকরা আরও জানিয়েছে, প্রদর্শক এবং দর্শনার্থীদের স্বাস্থ্য সুরক্ষা এবং নিরাপত্তা নিশ্চিত করতে বাড়তি ব্যবস্থা নেয়া হয়েছে, যা আমাদের মূল বিবেচনা।

চীনের হুবেই অঞ্চলের ভ্রমণার্থীদের নিষেধাজ্ঞা দেয়া হয়েছে। এ ছাড়াও যেসব ব্যক্তি চীনে ছিলেন তারা এতে অংশ নিতে চাইলে তাদের অবশ্যই প্রমাণ করতে হবে, তারা বিগত ১৪ দিনের বেশি দেশটির বাইরে ছিলেন। জিএসএমএ’র ধারণা, এবারে মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেস ভ্রমণ করবেন পাঁচ থেকে ছয় হাজার গ্রাহক।

উল্লেখ্য, প্রাণঘাতী নভেল করোনাভাইরাসে ৭ ফেব্রুয়ারি পর্যন্ত আক্রান্তের সংখ্যা প্রায় ৩৫ হাজার, আর এতে মারা গেছেন ৭২০ জনেরও বেশি। ডিসেম্বরে চীনের উহানে প্রথম ধরা পড়ে ভাইরাসটি।

মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেসের আয়োজক সংস্থা ‘জিএসএমএ’ জানিয়েছে অনুষ্ঠানস্থলে বাড়তি মেডিকেল কর্মকর্তা রাখার ব্যবস্থা করেছে। আক্রান্ত হওয়া ঝুঁকি ঠেকাতে নানাবিধ নিয়মও জানিয়ে দিয়েছে সংস্থাটি; যেমন- কোনো বক্তা মাইক্রোফোনে কথা বলার পর সেগুলো সম্ভাব্য ভাইরাসমুক্ত করে আবারও ব্যবহার করা হবে এমনকি এবারের আয়োজনে হাত মেলানোও বারণ।

সুত্র-যুগান্তর

মেপ্র/আরজেএম

আমি ফেসবুকে ১ নম্বরে আর মোদি ২ নম্বরে: ট্রাম্প

আগামী ২৪ ফেব্রুয়ারি ভারত সফরে আসছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে সাক্ষাতের জন্যে নাকি উদগ্রীব হয়ে অপেক্ষা করছেন তিনি।

ভারতে আসার আগে ফেসবুকে জনপ্রিয়তার উদাহরণ তুলে ধরলেন ডোনাল্ড ট্রাম্প টুইট করেন, ‘আমি মনে করি এটা একটা বড় সম্মান।

মার্ক জুকারবার্গ সম্প্রতি জানিয়েছেন, ডোনাল্ড ট্রাম্প ফেসবুকে ১ নম্বরে। ভারতের প্রধানমন্ত্রী মোদি ২ নম্বরে রয়েছেন।

আসলে, আমি আগামী দুই সপ্তাহের মধ্যে মধ্যেই ভারতে যাচ্ছি। তাই এই সফরের জন্যে দিন গুণছি এখন।

আগামী ২৪ ও ২৫ ফেব্রুয়ারি ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্পকে নিয়ে ভারত সফরে আসছেন মার্কিন প্রেসিডেন্ট, গুজরাটের আমেদাবাদ এবং নয়া দিল্লিতে যাবেন তিনি।

ডোনাল্ড ট্রাম্পকে দারুণ ভাবে ভারতে স্বাগত জানানো হবে, জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

ভারত সফরের আগে শনিবার সকালে ট্রাম্প একটি টুইট করেন, যেখানে তিনি প্রধানমন্ত্রী মোদি এবং ফেসবুকের প্রধান মার্ক জুকারবার্গের কথা উল্লেখ করেন।

ভারতের তরফ থেকে এমনভাবে স্বাগত জানানো হবে যে তা চিরদিন মনে রাখবেন ডোনাল্ড ট্রাম্প, একথাও বলেন প্রধানমন্ত্রী মোদি।

প্রধানমন্ত্রী মোদি টুইটে লেখেন, ভারত আমাদের সম্মানিত অতিথিদের মনে রাখার মতো করে স্বাগত জানাবে।

এই সফর একটি বিশেষ সফর এবং এটি ভারত-মার্কিন বন্ধুত্বকে আরও দৃঢ়তর করতে সাহায্য করবে, আরও অনেক দূর এগিয়ে নিয়ে যাবে দু’দেশের সম্পর্ককে।

সুত্র-যুগান্তর

মেপ্র/আরজেএম

দেশের বাজারে ৫৫৯৯৯ টাকায় স্যামসাং গ্যালাক্সি নোট টেন লাইট

দেশের বাজারে সোমবার নতুন গ্যালাক্সি নোট টেন লাইট উন্মোচন করলো স্যামসাং বাংলাদেশ। নোট সিরিজের ফ্ল্যাগশিপ এই ডিভাইসটি বাংলাদেশে সংযোজন করা হয়েছে বলে যুগান্তরকে জানিয়েছেন স্যামসাং বাংলাদেশের স্থানীয় অংশীদার ফেয়ার ইলেক্ট্রনিক্স লিমিটেডের ডেপুটি ম্যানেজার (মার্কেটিং) রাজেশ শর্মা।

গ্যালাক্সি নোট সিরিজের ধারাবাহিকতায় তৈরি, লাইট মডেলের এই ডিভাইসটিতেও রয়েছে প্রিমিয়াম সব ফিচার। যার মধ্যে রয়েছে সর্বাধুনিক সিগনেচার এস পেন, ক্যামেরা প্রযুক্তি, ইমার্সিভ ডিসপ্লে এবং দীর্ঘস্থায়ী ব্যাটারি সুবিধা। গ্যালাক্সি নোট টেন লাইট ফ্ল্যাগশিপ ডিভাইসটি পাওয়া যাবে ৫৫ হাজার ৯৯৯ টাকায়।

এ নিয়ে স্যামসাং বাংলাদেশের হেড অব মোবাইল মো. মূয়ীদুর রহমান বলেন, ‘ফোনের পারফরমেন্স ও পাওয়ার থেকে শুরু করে বুদ্ধিমত্তা ও সেবা পর্যন্ত সবকিছুতেই প্রযুক্তিখাতের উদ্ভাবনী সব সেবা প্রদানে আমাদের নিরলস প্রচেষ্টার ফল গ্যালাক্সি নোট টেন লাইট। ব্যবহারকারীদের ভিন্নধর্মী অভিজ্ঞতা প্রদানে গ্যালাক্সি নোট সিরিজ বিশ্বজুড়েই পরিচিত।’

এখন ব্যবহারকারীরা প্রিমিয়াম নোট সিরিজ ব্যবহারের অভিজ্ঞতা নিতে পারবেন এবং গ্যালাক্সি নোট ১০ লাইটের সিগনেচার এস পেন তাদের কর্মদক্ষতাও বাড়াতে সহায়তা করবে।

ফোনটিতে থাকা ব্লুটুথ লো-এনার্জির (বিএলই) মাধ্যমে এস পেন- এ ক্লিক করে তরুণরা প্রেজেন্টেশনের স্লাইড নিয়ন্ত্রণ করতে পারবেন, ভিডিও শুরু ও বন্ধ করতে পারবেন এবং ছবিও তুলতে পারবেন। এয়ার কমান্ড তাদের সুযোগ দিবে সহজে সিগনেচার এস পেনের ফিচার ব্যবহারের।

স্যামসাং- এর শীর্ষস্থানীয় ক্যামেরা প্রযুক্তিতে তৈরি গ্যালাক্সি লাইট ডিভাইসটিতেও রয়েছে উদ্ভাবনী ক্যামেরা ফিচার। গ্যালাক্সি নোট টেন লাইটে রয়েছে ১২ মেগাপিক্সলে সেন্সরের ট্রিপল ক্যামেরা

সিস্টেম।

আরও রয়েছে ডুয়াল পিক্সেল ওআইএস (অপটিক্যাল ইমেজ স্পেশালাইজেশন) এফ/১.৭ অ্যাপাচারসহ ১২ মেগাপিক্সেল ওয়াইড ক্যামেরা, ১২৩ ডিগ্রি ও এফ/২.২ ১২ মেগালিক্সেলের আল্ট্রা-ওয়াইড সেন্সর এবং অটো ফোকাস ও এফ/২.৪ অ্যাপাচারে ১২ মেগাপিক্সেল টেলিফটো সেন্সর।

গ্যালাক্সি নোট টেন লাইট ডিভাইসের ক্যামেরা ফিচারে সুপার স্টেডি মোড ও লাইভ ফোকাস মোড ব্যবহার করা হয়েছে। সেলফি তোলার জন্য ফোনটিতে রয়েছে এফ/২.২ অ্যাপাচারসহ ৩২ মেগাপিক্সেল রেজ্যুলেশনের পাঞ্চহোল ক্যামেরা।

স্যামসাং গ্যালাক্সি নোট টেন লাইটে ৬.৭ ইঞ্চির ফুল এইচডি প্লাস সুপার অ্যামোলেড প্লাস ইনফিনিটি-ও ডিসপ্লে ব্যবহৃত হয়েছে। যার রেজ্যুলেশন ২৪০০ x ১০৮০পি এবং এর অ্যাসপেক্ট রেশিও ২০:৯। ফোনটিতে ১০ এনএম ৬৪-বিট এক্সিনোস অক্টাকোর প্রসেসর রয়েছে।

ফোনটিতে ৮ জিবি র্যাম ও ১২৮ জিবি ইন্টারনাল স্টোরেজ রয়েছে, যা ১ টেরাবাইট পর্যন্ত বাড়ানো যাবে। ফোনটিতে ফাস্ট চার্জ সাপোর্টসহ ৪৫০০ মিলিঅ্যাম্পিয়ারের ব্যাটারি রয়েছে। অরা ব্ল্যাক ও অরা গ্লো এ দু’টি রঙে ডিভাইসটি বাজারে পাওয়া যাবে।

সুত্র-যুগান্তর

স্মার্টফোনে ‘নাইট মোড’ ব্যবহারে যা হয়

অনেকেই মনে করেন, স্মার্টফোনের নাইট মোড ব্যবহার করলে কোনো সমস্যা হয় না। তবে যুক্তরাজ্যের গবেষকেরা বলছেন ভিন্ন কথা। ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয়ের গবেষকেরা সম্প্রতি নাইট মোডে ব্যবহৃত নীল আলোর ফিল্টার (ব্লু লাইট ফিল্টার) নিয়ে গবেষণা চালান। তাঁরা দেখেছেন, সাধারণ মোডের চেয়ে নীল আলোর ফিল্টার ঘুমের ক্ষতি করে বেশি। নীল আলো জ্বলে থাকলে অবস্থা বেশি শোচনীয়

হয়।
গবেষকেরা বলছেন, ডিভাইস ব্যবহারের ক্ষেত্রে সন্ধ্যার দিকে অনুজ্জ্বল, শান্ত আলো ও দিনের বেলা উজ্জ্বল ও উষ্ণ আলো ব্যবহার স্মার্টফোন ব্যবহারকারীদের স্বাস্থ্যের জন্য অধিক উপকারী। তাই যাঁরা মনে করে, নাইট মোড চোখের জন্য বেশি উপকারী, তাদের বিষয়টি আরও ভাবার পরামর্শ দিয়েছেন গবেষকেরা।
গবেষকেরা বলেন, যখন নাইট মোড চালু করা হয় ও হলুদ আভার উপস্থিতি দেখা যায়, তখন শরীরে এক ধরনের মিশ্র সংকেত পৌঁছায়। স্ক্রিনের আলো দিনের আলোর মতো শরীরে প্রভাব ফেলে। গবেষকেরা ইঁদুরের ওপর গবেষণা চালিয়ে দেখেছেন, নীল আলোতে ঘুমের ক্ষেত্রে প্রভাব পড়ে বেশি। গবেষক টিম ব্রাউন দাবি করেছেন, ইঁদুরের ক্ষেত্রে গবেষণা করলেও তাঁরা মনে করছেন এটি মানুষের ক্ষেত্রেও সত্যি প্রমাণিত হবে।
তাঁরা দাবি করেছেন, গবেষণায় নীল আলো নিয়ে মানুষের মধ্যে যে ধারণা, তা ভুল প্রমাণিত হয়েছে। নীল আলোতে চোখের ক্ষতি বেশি হয় বলে প্রমাণ পেয়েছেন তাঁরা। নীল আলোর ব্যবহারে ঘুমের প্যাটার্ন দুর্বল হয়ে যায়। এর পরিবর্তে অনুজ্জ্বল ও শান্ত আলো বেশি কার্যকর। দেহঘড়ি সাধারণত অনুজ্জ্বল নীল বা গোধূলির আলোতে ঘুমানোর জন্য সময় নির্ধারণ করে নেয়।
গবেষকেরা বলেন, সন্ধ্যার সময় আলোর সামনে কতটা উন্মুক্ত থাকা ঠিক হবে, তা এখনকার প্রযুক্তি নিয়ন্ত্রণের সুবিধা করে দিয়েছে। যেমন মোবাইলে স্ক্রিনের রঙের পরিবর্তনের বিষয়টি শরীরে মিশ্র বার্তা দিতে পারে। ব্রাইটনেসের সামান্য পরিবর্তন শরীরে প্রভাব ফেলতে পারে। ফোনের আলো শরীরকে রাতের সময় দিন হিসেবে বোঝাতে পারে। ফলে ঘুমের ব্যাঘাত ঘটে। তাই নাইট মোড ব্যবহারের আগে সতর্ক থাকা প্রয়োজন। সূত্র: সিনেট

টুইটারে ফলোয়ার বাড়াতে করণীয়

বর্তমানে মাইক্রোব্লগিং সাইটগুলোর মধ্যে অন্যতম টুইটার। তবে টুইটার ব্যবহারের ক্ষেত্রে অনেকেই বিভিন্ন সময় নানা রকমের সমস্যার মধ্যে পড়েন। তাই ব্যবহারকারীদের জন্য কিছু টিপস-
ছোট লিংক ব্যবহার

টুইটারে আগে ১৪০ ক্যারেক্টারের মধ্যেই সব তথ্য প্রকাশ করতে হতো। কিন্তু বর্তমানে তা বৃদ্ধি করা হয়েছে। তবে ওয়েবসাইটের লিংক বড় হলে তা শেয়ারের পর দেখতে খারাপ দেখায়। তাই এ ঝামেলা এড়ানোর জন্য লিংকগুলো ছোট করা যায়। আর এজন্য রয়েছে লিংক ছোট করার ওয়েবসাইট।
ফলোয়ার বাড়াতে

টুইটারে ফলোয়ার বাড়াতে চাইলে ফেসবুক বন্ধু বা পেইজে টুইটার আইডির ইউজার নেইম শেয়ার করতে পারেন। সেইসঙ্গে টুইটারের নিয়িমিত টুইট করতে হবে। কেউ যদি ম্যাসেজ বা কোনো প্রশ্ন করে তবে সেটির উত্তর যতটা দ্রুত সম্ভব দিতে হবে। এতে টুইটার এক্টিভিটি বাড়বে। ফলে ফলোয়ার বাড়বে।
হেডার পরিবর্তন

হেডার পরিবর্তনের জন্য প্রথমেই টুইটার অ্যাকাউন্টে লগইন করতে হবে। এরপর এডিট প্রোফাইলে ক্লিক করতে হবে। তারপর ‘চেঞ্জ ইওর হেডার ফটো’ ক্লিক করতে হবে। আপলোড ইওর ফটো থেকে ‘ওপেন’-এ ক্লিক করে আপনার পছন্দের ছবি সিলেক্ট করুন। শেষে ‘অ্যাপ্লাইয়ে’ ক্লিক করুন।

গ্যালাক্সি সিরিজের উদ্ভাবনী ফিচার নিয়ে গ্যালাক্সি নোট টেন লাইট দেশের বাজারে

ছবি-৭৮

দেশের বাজারে নতুন গ্যালাক্সি নোট টেন লাইট উন্মোচন করেছে স্যামসাং বাংলাদেশ। এর মাধ্যমে প্রথমবারের মতো দেশে তরুণদের জন্য নোট সিরিজের ফ্ল্যাগশিপ ডিভাইস নিয়ে এলো স্যামসাং। গ্যালাক্সি নোট সিরিজের ধারাবাহিকতায় তৈরি, লাইট মডেলের এই ডিভাইসটিতেও রয়েছে প্রিমিয়াম সব ফিচার যার মধ্যে রয়েছে সর্বাধুনিক সিগনেচার এস পেন, ক্যামেরা প্রযুক্তি, ইমার্সিভ

ডিসপ্লে এবং দীর্ঘস্থায়ী ব্যাটারি সুবিধা। গ্যালাক্সি নোট টেন লাইট ফ্ল্যাগশিপ ডিভাইসটি পাওয়া যাবে ৫৫,৯৯৯ টাকায়।

এ নিয়ে স্যামসাং বাংলাদেশের হেড অব মোবাইল মো. মূয়ীদুর রহমান বলেন, ‘ফোনের পারফরমেন্স ও পাওয়ার থেকে শুরু করে বুদ্ধিমত্তা ও সেবা পর্যন্ত সবকিছুতেই প্রযুক্তিখাতের উদ্ভাবনী সব সেবা প্রদানে আমাদের নিরলস প্রচেষ্টার ফল গ্যালাক্সি নোট টেন লাইট। ব্যবহারকারীদের ভিন্নধর্মী অভিজ্ঞতা প্রদানে গ্যালাক্সি নোট সিরিজ বিশ্বজুড়েই পরিচিত।’

এখন ব্যবহারকারীরা প্রিমিয়াম নোট সিরিজ ব্যবহারের অভিজ্ঞতা নিতে পারবেন এবং গ্যালাক্সি নোট ১০ লাইটের সিগনেচার এস পেন তাদের কর্মদক্ষতাও বাড়াতে সহায়তা করবে। ফোনটিতে থাকা ব্লুটুথ লো- এনার্জির (বিএলই) মাধ্যমে এস পেন- এ ক্লিক করে তরুণরা প্রেজেন্টেশনের স্লাইড নিয়ন্ত্রণ করতে পারবেন, ভিডিও শুরু ও বন্ধ করতে পারবেন এবং ছবিও তুলতে পারবেন। এয়ার কমান্ড তাদের সুযোগ দিবে সহজে সিগনেচার এস পেনের ফিচার ব্যবহারের।

স্যামসাং- এর শীর্ষস্থানীয় ক্যামেরা প্রযুক্তিতে তৈরি গ্যালাক্সি লাইট ডিভাইসটিতেও রয়েছে উদ্ভাবনী ক্যামেরা ফিচার। গ্যালাক্সি নোট টেন লাইটে রয়েছে ১২ মেগাপিক্সলে সেন্সরের ট্রিপল ক্যামেরা সিস্টেম। আরও রয়েছে ডুয়াল পিক্সেল ওআইএস (অপটিক্যাল ইমেজ স্পেশালাইজেশন) এফ/১.৭ অ্যাপাচারসহ ১২ মেগাপিক্সেল ওয়াইড ক্যামেরা, ১২৩ ডিগ্রি ও এফ/২.২ ১২ মেগালিক্সেলের আল্ট্রা-ওয়াইড সেন্সর এবং অটো ফোকাস ও এফ/২.৪ অ্যাপাচারে ১২ মেগাপিক্সেল টেলিফটো সেন্সর।

গ্যালাক্সি নোট টেন লাইট ডিভাইসের ক্যামেরা ফিচারে সুপার স্টেডি মোড ও লাইভ ফোকাস মোড ব্যবহার করা হয়েছে। সেলফি তোলার জন্য ফোনটিতে রয়েছে এফ/২.২ অ্যাপাচারসহ ৩২ মেগাপিক্সেল রেজ্যুলেশনের পাঞ্চহোল ক্যামেরা।

স্যামসাং গ্যালাক্সি নোট টেন লাইটে ৬.৭ ইঞ্চির ফুল এইচডি প্লাস সুপার অ্যামোলেড প্লাস ইনফিনিটি-ও ডিসপ্লে ব্যবহৃত হয়েছে। যার রেজ্যুলেশন ২৪০০◌ী১০৮০পি এবং এর অ্যাসপেক্ট রেশিও ২০:৯। ফোনটিতে ১০ এনএম ৬৪-বিট এক্সিনোস অক্টাকোর প্রসেসর রয়েছে। ফোনটিতে ৮ জিবি র্যাম ও ১২৮ জিবি ইন্টারনাল স্টোরেজ রয়েছে, যা ১ টেরাবাইট পর্যন্ত বাড়ানো যাবে। ফোনটিতে ফাস্ট চার্জ সাপোর্টসহ ৪৫০০

মিলিঅ্যাম্পিয়ারের ব্যাটারি রয়েছে। অরা ব্ল্যাক ও অরা গ্লো এ দু’টি রঙে ডিভাইসটি বাজারে পাওয়া যাবে।

আরো পড়ুন – গাঁজা রাখার অপরাধে এক ব্যক্তির জেল

নতুন বাজেট ফোন ভিভোর

বহুজাতিক কোম্পানি ভিভোর বহুল সমাদৃত বাজেট ফোন ওয়াই ৯১সি’র নতুন সংস্করণ দেশের বাজারে এসেছে। ৬.২২ ইঞ্চির ফুলভিউ ডিসপ্লে এবং ৪০৩০এমএএইচ ব্যাটারির স্মার্টফোনটির মূল্য ৯ হাজার ৯৯০ টাকা। ওয়াই ৯১সি ২০২০ মডেলের ফোনটি পাওয়া যাবে তিনটি ভিন্ন রঙে-ফিউশন ব্ল্যাক, ওশেন ব্লু এবং সানসেট রেড। ৬ ফেব্রুয়ারি থেকে দেশের বাজারে ‘ওয়াই ৯১সি ২০২০’ ফোনটি পাওয়া যাবে বলে জানিয়েছে ভিভো বাংলাদেশ।
‘ওয়াই ৯১সি ২০২০’ ফোনটিতে রয়েছে ৫ মেগাপিক্সেলের ফ্রন্ট এবং ১৩ মেগাপিক্সেলের রিয়ার ক্যামেরা। ক্যামেরা দুটিতে কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন ফেসবিউটি ছাড়াও স্লো মোশন, টাইম ল্যাপস, পাল্ম ক্যাপচার যুক্ত করা হয়েছে। ফলে ফোনটিতে ছবি তোলার পর আলাদা করে বিউটিফিকেশনের দরকার হবে না। ফোনটির র্যাম ২ জিবি এবং রম ৩২ জিবির। রেজ্যুলুশন ১৫২০ বাই ৭২০। অপারেটিং সিস্টেম ফানটাচ ওএস ৪.৫।
ফোনটি সম্পর্কে ভিভোর কান্ট্রি ম্যানেজার ডিউক বলেন, গ্রাহকদের সাধ ও সাধ্যের সমন্বয়ের চেষ্টা করি আমরা। অপেক্ষাকৃত কম আয়ের মানুষ কিংবা যাদের বেশি মূল্যমানের ফোন দরকার নেই তাদের জন্য ভিভো ওয়াই৯১সি ২০২০। এছাড়া যারা একটি প্রিমিয়াম ফোনের পাশাপাশি আরেকটি বাজেট ফোন ব্যবহার করতে চান তাদের সেরা পছন্দ হতে পারে এ ফোন।